

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কর-১ শাখা
www.ird.gov.bd



স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৫৯

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩২
১৯ নভেম্বর ২০২৫

বিষয়: কর অঞ্চল-১৮, ঢাকার সাংগঠনিক কাঠামোভূক্ত ১৩তম হতে ২০তম গ্রেডভূক্ত শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে
ছাড়পত্র প্রদান।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২২.৩২.০০১১.২৫.৪৭, তারিখ: ১৪/১০/২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কর অঞ্চল-১৮, ঢাকার সাংগঠনিক কাঠামোভূক্ত ১৩তম হতে ২০তম গ্রেডভূক্ত নিম্নোক্ত ছকের ০৭নং কলামে বর্ণিত ৫২ (বায়াম) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	অনুমোদিত পদের সংখ্যা	সরাসরি কোটায় নিয়োগযোগ্য পদের সংখ্যা	সরাসরি পূরণকৃত পদের সংখ্যা	সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের সংখ্যা	১০% সংরক্ষণযোগ্য পদের সংখ্যা	ছাড়পত্র প্রদানযোগ্য পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
ব্যক্তিগত সহকারী, গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/-	৫	২	-	২	-	০২ টি
প্রধান সহকারী, গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/-	২৪	২৪ (পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায়)	১৩	১১	১.১ অর্থাৎ ১টি	১০ টি
উচ্চমান সহকারী, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	২৪	২৪ (পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায়)	১৩	১১	১.১ অর্থাৎ ১টি	১০ টি
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	২৬	২৬ (১০০% সরাসরি নিয়োগযোগ্য)	১৪	১২	১.২ অর্থাৎ ১টি	১১ টি
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/-	৩০	৩০ (পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায়)	১৮	১২	১.২ অর্থাৎ ১টি	১১
অফিস সহায়ক, গ্রেড-২০, ৮২৫০-২০১০০/-	৩০	৩০ (১০০% সরাসরি নিয়োগযোগ্য)	২১	৯	০.৯ অর্থাৎ ১ টি	৮ টি
মোট=	১৩৯	১৩৬	৭৯	৫৭	০৫	৫২ টি

শর্তসমূহ:

(ক) উল্লিখিত পদসমূহ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে

হবে;

(খ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯, তারিখঃ ১৯ অক্টোবর ২০২১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বৎসর অর্থাৎ ১৮/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্য পদের সংখ্যায় কোন গড়মিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ গেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। ছাড়পত্রের আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে এই বিভাগে যোগাযোগ করে/ওয়েবসাইটে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদ পূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোন জটিলতা সৃষ্টি হলে সেক্ষেত্রে নিয়োগকারী দায়ী থাকবে;

(ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক পদ পূরণ করতে হবে;

(ঙ) ছাড়কৃত পদসমূহ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;

(চ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে;

(ছ) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদ পূরণের পূর্বে হালনাগাদ সংরক্ষণ করতে হবে; এবং

(জ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১৫ দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্ধৃত কর্মচারী শাখা এবং পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে।



১৪-০৯-২০২৬

মাসুদুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ইমেইল : tax1@ird.gov.bd

কর কমিশনার

কর অঞ্চল-১৮, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৫৯/১ (৮)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩২
১৯ নভেম্বর ২০২৫

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড।
- ৫। যুগ্ম সচিব, কর অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ৬। উপসচিব, কর অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ৭। সচিব এর একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।



A handwritten signature in black ink, located above the date and name.

১৪-০৯-২০২৬

মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব